অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/27/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রায় 830 মিলিয়ন মার্কিন ডলার পুর্জিঁ বিনিয়োগে এবং 4,500টিরও বেশি কর্মসংস্থানে সহায়তা করার জন্য অর্থনৈতিক উন্নয়ন বরাদ্দ ঘোষণা করেছেন

বেশ কয়েকটি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এন্টারপ্রাইজ কম খরচে বিদ্যুৎ অনুদান ও পাওয়ার প্রসিডস তহবিল থেকে 670,000 মার্কিন ডলার তহবিল বরাদ্দের সাথে সমর্থিত

এছাড়াও নিউ ইয়র্কের দেশ-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেন যে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি বোর্ড অব ট্রাস্টিস রিচার্জ NY কর্মসূচির অধীনে 21টি ফার্মকে অর্থনৈতিক উন্নয়ন বরাদ্দ অনুমোদন করেছে যা মূলধন বিনিয়োগে 800 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি উৎসাহিত করবে এবং এর মধ্যে — 727টি নতুন সৃষ্ট কর্মসংস্থানের সাথে প্রায় 4,500টি কর্মসংস্থানকে সহায়তা করবে। এছাড়াও, কম খরচে নায়াগ্রা জলবিদ্যুৎ এই অঞ্চলে 8.6 মিলিয়ন মার্কিন ডলার পুঁজি বিনিয়োগের জন্য বাফেলোর একটি ফার্মকে প্রদান করা হয়েছিল এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক পাওয়ার প্রসিড তহবিলের মাধ্যমে তিনটি ফার্মকে 670,000 মার্কিন ডলার তহবিল বরাদ্দের অনুমোদন করা হয়েছিল।

"নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির এই অর্থনৈতিক বরাদ্দগুলো একটি ক্লিন এনার্জি অর্থনীতিতে নিউ ইয়র্কের দেশ-নেতৃস্থানীয় পরিবর্তনকে সহায়তা করে," **গভর্নর হোকল বলেন**। "কম খরচে বিদ্যুৎ ব্যবহার করে রিচার্জ NY কর্মসূচি নিউ ইয়র্ক স্টেট জুড়ে কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করছে, বিলিয়ন বিলিয়ন ডলার বিনিয়োগকে অনুপ্রাণিত করছে এবং হাজার হাজার কর্মসংস্থান তৈরি করছে।"

রিচার্জ NY (ReCharge NY) কর্মসূচির অধীনে অনুমোদিত বরাদ্দ করা নয় মেগাওয়াট (megawatts, MW) এর বেশি স্বল্পমূল্যের বিদ্যুৎ ক্যাপিটাল ডিস্ট্রিক্ট, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সাউদার্ন টিয়ার, হাডসন ভ্যালি, নিউ ইয়র্ক সিটি, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং লং আইল্যান্ডের 21টি কোম্পানিকে প্রদান করা হবে।

রিচার্জ NY নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিকে শক্তিশালী করেছে বিভিন্ন কোম্পানিকে থাকতে এবং কর্মসংস্থান তৈরি করতে উৎসাহিত করার মাধ্যমে পাশাপাশি স্টেট জুড়ে পুঁজি বিনিয়োগকেও বৃদ্ধি করেছে। রিচার্জ NY সাত বছর পর্যন্ত স্থায়ী হয় এমন বিদ্যুতের চুক্তি প্রদান করে। বিদ্যুতের

অর্ধেক অংশ, 455 মেগাওয়াট — আসছে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) নায়াগ্রা এবং সেন্ট লরেন্স-ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট জলবিদ্যুৎ পাওয়ার প্ল্যান্ট (St. Lawrence-Franklin D. Roosevelt hydroelectric power plants) থেকে। NYPA পাইকারী বাজার থেকে বাদবাকি 455 MW স্বল্প-মূল্যে ক্রয় করেছে।

NYPA বোর্ড অটোমোটিভ শিল্প ইঞ্জিন ও বিদ্যুৎ উৎপাদন পণ্যগুলির নকশাকারী ও প্রস্তুতকারক কামিন্সকে 450 কিলোওয়াট (kilowatt, kW) রিচার্জ NY পাওয়ার বরাদ্দ অনুমোদন করেছে। কামিন্স তার পরবর্তী প্রজন্মের পণ্যগুলোর জন্য এই ফ্যাসিলিটি পুনরায় চালু করতে চৌতাউকা কাউন্টি সাইটে 452 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। ফার্মটির সম্প্রসারণ 90টি কর্মসংস্থান তৈরি করবে এবং অতিরিক্ত 1,280টি বিদ্যমান কর্মসংস্থানকে সহায়তা করবে।

এছাড়াও NYPA বোর্ড আব ট্রাস্ট্রিজ কোর্টল্যান্ড কাউন্টিতে আইস্পাইস ফুডসকে কম খরচে রিচার্জ NY বিদ্যুৎ বরাদ্দ প্রদান করেছে। আইস্পাইস হলো সারা বিশ্বব্যাপী ভেষজ ও মশলার একটি বিখ্যাত আমদানিকারক, প্রক্রিয়াকারক এবং সরবরাহকারী। ফার্মটি একটি ভবন ক্রয় ও সংস্কারের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে যাতে এটি 50টিরও বেশি উৎপাদন লাইন ধারণ করতে পারে। নতুন ফ্যাসিলিটিতে নতুন পণ্যগুলোর গবেষণা ও উন্নয়নের জন্য একটি ল্যাবরেটরি অন্তর্ভুক্ত থাকবে। আইস্পাইস কম খরচে 2.25-মেগাওয়াট বিদ্যুৎ বরাদ্দ পেয়েছে এবং সেন্ট্রাল নিউ ইয়র্কে 350টি কর্মসংস্থান তৈরির প্রতিশ্রুতি দিয়েছে।

রিচার্জ NY বিদ্যুৎ বরাদ্দ এবং অর্থনৈতিক উন্নয়ন পুরস্কারের আজকের একটি পূর্ণাঙ্গ তালিকা এখানে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির চেয়ারম্যান জন আর. কোয়েলমেল বলেন, "আজকের অর্থনৈতিক উন্নয়নের ঘোষণাগুলো বাফেলো নায়াগ্রা অঞ্চল ও বৃহত্তর ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে পাওয়ার অথরিটির প্রভাবের আরো গভীরতা ও প্রশস্ততা তুলে ধরে। NYPA বোর্ড অব ট্রাস্টির আজকের উদ্যেগগুলো চৌতাউকা কাউন্টির কামিন্সের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগকে সরাসরি সহায়তা করে এবং সেইসাথে হিস্পানিক হেরিটেজ কাউন্সিলকে বাফেলোর পশ্চিম দিকে একটি সাংস্কৃতিক ও শিক্ষাকেন্দ্র তৈরি করতে অনুমোদন করে। বিদ্যুৎ কর্তৃপক্ষ আমাদের আয়োজক কমিউনিটির অর্থনৈতিক ও সাংস্কৃতিক উন্নতির জন্য কম খরচে নায়াগ্রা জলবিদ্যুৎ এর ব্যবহার অব্যাহত রেখেছে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিসকল বলেন, "NYPA বোর্ড কর্তৃক অনুমোদিত স্বল্প-ব্যয়ের বিদ্যুৎ বরাদ্দ নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসায় প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করতে কর্মসংস্থান তৈরি করতে এবং মূলধন বিনিয়োগকে উৎসাহিত করতে সহায়তা করবে। পরিচ্ছন্ন, নবায়নযোগ্য জলবিদ্যুৎ ব্যবহার করে বিদ্যুৎ কর্তৃপক্ষ স্থানীয় অর্থনীতি ও কমিউনিটিসমূহের উন্নয়নে সহায়তা করছে। আজকের সভায় অনুমোদিত মূলধন বরাদ্দগুলো ওয়েস্টার্ন নিউ ইয়র্কের অনন্য সাংস্কৃতিক ঐতিহ্যকে তুলে ধরতে এবং সংরক্ষণ করতে সহায়তা করবে।"

আজকের সভায়, NYPA বোর্ড বাফেলোর ফাদার স্যামস বেকারিতে 410 - কিলোওয়াট কম খরচে নায়াগ্রা জলবিদ্যুৎ অনুমোদন দিয়েছে, যা ফ্লাউর টরটিলা ও ফ্ল্যাটব্রেড পণ্য উৎপাদনে একটি বিশেষজ্ঞ পাইকারি বেকারি। বরাদ্দটি বেকারির 8.6 মিলিয়ন মার্কিন ডলারের সম্পসারণকে সহায়তা করবে, যার মধ্যে রয়েছে 16,875 বর্গফুট সংযোজন দুটি স্বয়ংক্রিয় ফ্লাউর টর্টিলা লাইন স্থাপন অন্তর্ভুক্ত রয়েছে যা প্রায় 40 শতাংশ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করবে বলে আশা করা হচ্ছে। এর সম্প্রসারণের ফলে, ফাদার স্যাম 12টি স্থায়ী পূর্ণ-কালীনকর্মসংস্থান তৈরি করবে।

বিদ্যুৎ কর্তৃপক্ষের নায়াগ্রা পাওয়ার প্রকল্পের 30 মাইল ব্যাসার্ধের মধ্যে বা শ্যাটাকোয়া কাউন্টির ব্যবসাসমূহের জন্য স্বল্প খরচের নায়াগ্রা জলবিদ্যুৎ উপলভ্য আছে।

NYPA বোর্ড অব ট্রাস্ট্রিস বাফেলোর বরাদ্দগুলোকে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক পাওয়ার প্রসিডস তহবিল থেকে 670,000 মার্কিন ডলারের তহবিল মূলধন অনুমোদন করেছে।

একটি অলাভজনক চালু যা স্টার্টআপগুলোকে সহায়তা প্রদান করে, একটি নতুন প্রকল্পকে সহায়তা করার জন্য 250,000 মার্কিন ডলারের তহবিল প্রদান করা হয়েছিল যাতে উচ্চ প্রবৃদ্ধির সম্ভাবনা রয়েছে এমন কোম্পানিগুলোর সাথে উদ্যোক্তাদের প্রশিক্ষণ দিতে সহায়তা করবে। অংশগ্রহণকারীরা ব্যবসায়িক বিনিয়োগ আকৃষ্ট করতে সহায়তা করার জন্য একটি ব্যবসায়িক মডেল ও পরিকল্পনা প্রস্তুত করার জন্য সরাসরি ও ভার্চুয়াল সেশনের মাধ্যমে ব্যক্তিগত ও গ্রুপ প্রশিক্ষণ পাবেন। প্রকল্পটি দুই বছরের মধ্যে 100টি ক্ষুদ্র ব্যবসায় প্রতিষ্ঠানকে প্রশিক্ষণ প্রদান করবে বলে আশা করা হচ্ছে।

বাফেলো নায়াগ্রা কনভেনশন অ্যান্ড ভিজিটরস ব্যুরোকে বাফেলো-নায়াগ্রা এলাকায় শিল্প, ঐতিহ্য পর্যটন ও আউটডোর বিনোদনের প্রতি আকৃষ্ট করার জন্য একটি মার্কেটিং প্রচারাভিযানকে সহায়তা করার জন্য 120,000 মার্কিন ডলারের বিদ্যুৎ তহবিল প্রদান করা হয়েছিল। মার্কেটিং রিসার্চ টুলগুলো ফার্মটিকে এই অঞ্চলে পরিদর্শনের উপর প্রকল্পের প্রভাব নির্ধারণ করার অনুমতি প্রদান করবে।

NYPA বোর্ডটি ওয়েস্টার্ন নিউ ইয়র্কের হিস্পানিক হেরিটেজ কাউন্সিলকে 300,000 মার্কিন ডলার বরাদ্দও অনুমোদন করেছে। কাউন্সিলটি এই অঞ্চলের হিস্পানিক সংস্কৃতি সংরক্ষনের জন্য নিবেদিত একটি অলাভজনক সংস্থা, যা বাফেলোর পশ্চিম দিকে একটি তিনতলা বিশিষ্ট 36,000 বর্গ ফুটের সাংস্কৃতিক ও শিক্ষাকেন্দ্র নির্মাণের পরিকল্পনা করছে। ভবনটিতে একটি থিয়েটার, ইভেন্ট স্পেস, মিডিয়া সেন্টার, লার্নিং ল্যাব ও ওয়ার্কফোর্স এবং ব্যবসায়িক উন্নয়ন কর্মসূচিসমূহ প্রদান করা হবে।

NYPA তহবিল অনুদান প্রদান সম্ভব হয়েছে বিদ্যুৎ কর্তৃপক্ষের নায়াগ্রা বিদ্যুৎ প্রকল্পে তৈরি অব্যবহৃত জলবিদ্যুৎ বিক্রি করে পাওয়া উপার্জিত অর্থ থেকে এবং এটি আসে 2012 সালে আইন হিসেবে স্বাক্ষর করা বিদ্যুৎ উপার্জন বিধিমালা থেকে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা একটি সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায় যেটি পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সব খাতে সবুজ অর্থনীতি লালন করা অব্যাহত রাখবে এবং নির্মল জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.8 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো এবং অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি কর্মসংস্থান এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধিকে সমর্থন করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

NYPA সম্পর্কে

NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA বন্ড বিক্রির মাধ্যমে এবং বিদ্যুতের বিক্রয়ের মাধ্যমে বৃহৎ অংশে অর্জিত আয় দ্বারা তার ক্রিয়াকলাপে অর্থায়ন করে। আরো তথ্যের জন্য www.nypa.gov দেখুন এবং টুইটার, ফেসবুক, ইন্সটাগ্রাম, টাম্বলার ও লিঙ্কডইন এ আমাদেরকে অনুসরণ করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন